''দূর্নীতি, মাদক ও সন্ত্রাসমুক্ত উন্নত দুমকী উপজেলা গঠন আমাদের অঙ্গীকার"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দুমকী, পটুয়াখালী।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

**উপজেলা পরিষদ এর ০৫/০৩/১৭১/৪৮ তম সভার কার্যবিবরণী**

সভাপতি ঃ **জনাব হারুন-অর-রশীদ হাওলাদার**
চেয়ারম্যান, দুমকী উপজেলা পরিষদ।
তারিখ ঃ ০৪-০১-২০২৩ খ্রিঃ।
সময় ঃ বুধবার, বিকাল- ৩.০০ ঘঃ।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, দুমকী, পটুয়াখালী।
উপস্থিতি ঃ উপস্থিতি/অনুপস্থিতি পরিশিষ্ট 'ক' এবং পরিশিষ্ট 'খ'তে দেখানো হলো।

সভাপতি উপজেলা পরিষদের সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি মহোদয় উপজেলা নির্বাহী অফিসারকে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম আরম্ভ করার আহবান জানান।

উপজেলা নির্বাহী অফিসার আলোচ্য বিষয়সহ নিম্নরূপ আলোচনা করেন ও নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্বে |
|---|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার পূর্ববর্তী ১৭০ (৪৭) তম সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং কোনরূপ সংশোধন না থাকলে উহা দৃঢ়করণের প্রস্তাব করেন।<br>উপস্থিত উপজেলা পরিষদের সকল সদস্যবৃন্দ সর্বসম্মতভাবে বিগত সভার সিদ্ধান্ত সমূহ নিশ্চিত করেন। বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন ত্বরান্বিত করার জন্য সকলে একমত পোষণ করেন। | উপজেলা পরিষদ, দুমকী ১৭০ (৪৭) তম সভার কার্যবিবরণী ও সিদ্ধান্ত সমূহ কোনরূপ সংযোজন বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে বিগত সভার সিদ্ধান্ত সমূহ অনুমোদন দেওয়া হয়। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, দুমকী। |
| ০২ | বিভাগ ভিত্তিক আলোচনা | **উপজেলা প্রকৌশল বিভাগঃ**<br>উপজেলা প্রকৌশলী/প্রতিনিধি সভায় অবহিত করেন যে, অর্থ মন্ত্রণালয়ের ১৩/১২/২০২২ খ্রি. তারিখের ১৬৮ ও ১৭৪নং স্মারকে পরিপত্র জারী করেছে যাহা ০১/০১/২৩ আমরা অবহিত হয়েছি। বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ও অন্যান্য বরাদ্দ ব্যয় ৫০ ভাগ হ্রাস ও নতুন করে দরপত্র, কার্যাদেশ এবং NOA জারী বন্ধ রাখার নির্দেশনা রয়েছে। ইতিমধ্যে যেসব প্রকল্প সম্পন্ন হয়েছে ইহার বিল দ্রুত ছাড়করণ এবং টিউবওয়েলসহ চলমান কাজের বিষয় নির্দেশনার আলোকে ব্যবস্থা নেওয়া প্রয়োজন। উপস্থিত সকলে এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর প্রধানদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলেন। | উল্লেখিত সার্কুলার অনুসরণ, এ বিষয় সরকারের পরবর্তী সিদ্ধান্তের বিষয় সচেতন থাকার জন্য এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের বিষয় যার যার অবস্থান থেকে সম্ভাব্য ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, দুমকী। |
| | | **উপজেলা মৎস্য বিভাগঃ**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, অদ্য ০৪ জানুয়ারী ২০২৩ হতে ২৪ ফেব্রুয়ারী ২০২৩ পর্যন্ত চার ধাপে দুমকী উপজেলাধীন পায়রা, লোহালিয়া ও পাতাবুনিয়া নদী থেকে অবৈধ জাল অপসারণে মোবাইল কোর্ট/ অভিযান পরিচালনার নিমিত্তে বিশেষ কম্বিং অপারেশন- ২০২৩ পরিচালিত হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সর্বাত্মক সহযোগিতা প্রদানের অনুরোধ জানান। | ০৪ জানুয়ারী ২০২৩ হতে ২৪ ফেব্রুয়ারী ২০২৩ পর্যন্ত চার ধাপে দুমকী উপজেলাধীন পায়রা, লোহালিয়া ও পাতাবুনিয়া নদী থেকে অবৈধ জাল অপসারণে মোবাইল কোর্ট/ অভিযান পরিচালনার নিমিত্তে সর্বাত্মক সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, দুমকী। |
| | | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, দুমকী উপজেলায় বর্তমানে অনেক খামার গড়ে উঠেছে। উপজেলা পরিষদের মাধ্যমে খামারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান এবং বেশি করে ঘাস/খড় কাটার মেশিন প্রদানের প্রদানের | উপজেলা পরিষদের অর্থায়নে সোলার বেইজ কনভার্টার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু বার্ষিক উন্নয়ন বরাদ্দ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দুমকী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অনুরোধ করেন। তাছাড়া উপজেলা প্রাণিসম্পদ হাসপাতালে বিভিন্ন ভ্যাকসিন ও ঔষধ সংরক্ষণের জন্য কয়েকটি ফ্রিজ রয়েছে। যেগুলো নিয়মিত বিদ্যুৎ না থাকার ফলে নষ্ট হয়ে যাচ্ছে বিধায় উপজেলা পরিষদের পক্ষ থেকে সোলার বেইজ কনভার্টার প্রদানের অনুরোধ করেন।<br>এ বিষয়ে সভাপতি মহোদয় বলেন, প্রাথমিকভাবে গত অর্থ বছরে ৩টি ঘাস কাটার মেশিন প্রদান করা হয়েছিল চলমান অর্থ বছরেও ৩টি অনুমোদন দেয়া হয়েছে। | স্থবির হওয়ায় বর্তমানে বিবেচনা করা যাচ্ছে না বলে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৩ | বিবিধ-০১ | সভাপতি মহোদয় বলেন, মুরাদিয়া সুমন হাওলাদারের নবজাতক ৩টি সন্তানের ভরণপোষন ও চিকিৎসা ব্যয়ের অভাবে মানবেতর জীবন যাপন করছে। গৃহ জরাজীর্ন অবস্থায়। বর্তমানে বাংলাদেশে বিষয়টি অপ্রত্যাশিত। সরকারের 'খ' শ্রেনীর ঘর বরাদ্দ পাওয়া গেলে তাকে একটি গৃহের ব্যবস্থা এবং তার সন্তানদের ভরণ পোষন ও চিকিৎসার জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত থেকে নগদ ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদানের প্রস্তাব করেন।<br>উপজেলা নির্বাহী অফিসারসহ উপস্থিত সকল সদস্যবৃন্দ উক্ত প্রস্তাবের সাথে একমত পোষন করেন। | ১। মুরাদিয়া সুমন হাওলাদারের নবজাতক ৩টি সন্তানের ভরণপোষন ও চিকিৎসা ব্যয়ের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত থেকে নগদ ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। সরকারের 'খ' শ্রেনীর ঘর বরাদ্দ পাওয়া সাপেক্ষে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দুমকী। |
| ০৪ | বিবিধ-০২ | উপজেলা পরিষদের গোপনীয় সহকারী জানান যে, ডিসেম্বর ২০২২ মাসে উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদ সভায় আপ্যায়ন ব্যয় বাবদ প্রতিমাসে ৩০,০০০/- টাকা, ভাইস চেয়ারম্যানদ্বয় ও স্থায়ী কমিটির সভায় আপ্যায়ন ব্যয় বাবদ প্রতিমাসে ৮,০০০/- টাকা, আনুষঙ্গিক মালামাল ক্রয় বাবদ প্রতিমাসে ৫,০০০/- টাকা, ইন্টারনেট ব্যয় বাবদ প্রতিমাসে ১,০০০/- টাকার ব্যয় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।<br><br>উপজেলা পরিষদ অভ্যন্তরে ইলেকট্রিক লাইন মেরামত বাবদ ১২৩৫০/- টাকার ভাউচার পাওয়া গেছে।<br>বর্ণিত বিল ভাউচার সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করেন। | বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক সকল ভাউচারের ব্যয় সর্বসম্মতভাবে অনুমোদিত হয় এবং আলোচনায় বর্ণিত সকল ভাউচারের বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে খাতওয়ারী পরিশোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দুমকী। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(হারুন-অর-রশীদ হাওলাদার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দুমকী, পটুয়াখালী।

স্মারক নং- ৪৬.০৪৬.৭৮৫৫.০০০.১৩.০৫৬.২১- ৫১৬ তারিখ- ০৪/০১/২০২৩ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ঃ

০১। মাননীয় সংসদ সদস্য-১১১, পটুয়াখালী-১
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা-১০০০।
০৩। জেলা প্রশাসক, পটুয়াখালী।
০৪। উপজেলা .......................................... অফিসার, দুমকী।
০৫। জনাব ................................................................... দুমকী।
০৬। অফিস নথি।

(মোঃ আল ইমরান)
উপজেলা নির্বাহী অফিসার
দুমকী, পটুয়াখালী।